




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়  
কালীগঞ্জ, গাজীপুর।

কৃষি ও সেচ বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী  
সভাপতিঃ উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, কালীগঞ্জ, গাজীপুর।  
স্থানঃ উপজেলা কৃষি অফিসারের কার্যালয়  
তারিখঃ ১০/০৯/২০২১ খ্রিঃ  
সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা  
উপস্থিত সদস্যদের তালিকাঃ পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপজেলা কৃষি অফিসার ও কমিটির সদস্য সচিব জনাব আবু নাদির শাহাব উদ্দীন আহমদ সিদ্দিকী আলোচ্যসূচি অনুযায়ী সভার আলোচনা শুরু করেন ও ধারাবাহিকভাবে উপস্থাপন করেন। অতঃপর সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত
১.	উপজেলা কৃষি অফিসার মহোদয় সভায় জানান যে, খরিফ-২ মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচী হিসেবে কালীগঞ্জ উপজেলায় ১২০ টি মাসকলাই প্রদর্শনী, ২৫০ টি ১৩ (তের) রকমের স্বল্প ও দীর্ঘ মেয়াদী শাক-সবজির প্রণোদনার বরাদ্দ পাওয়া গিয়েছে। উপজেলা কৃষি পুনর্বাসন কমিটিতে আলোচনা সাপেক্ষে তা ইউনিয়ন অনুযায়ী বিভাজন দেওয়া হয়েছে।	মাঠ পর্যায়ে প্রণোদনা কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।
২.	উপজেলা কৃষি অফিসার মহোদয় সভায় আরও জানান যে, আগামী ১৫ অক্টোবর থেকে রবি মৌসুম শুরু হবে। রবি মৌসুমে আগাম শীতকালীন সবজি ও বোরো ধানে সেচকার্য শুরু হবে। এ সময়ে বৈদ্যুতিক সেচ যন্ত্র সঠিক সময়ে চালানোর জন্য নিরবিচ্ছিন্ন বিদ্যুত সংযোগ নিশ্চিত করতে হবে।	আসন্ন রবি মৌসুমে সেচকার্যে যেন বিদ্যুত এর ঘাটতি না হয় সেদিকে পল্লী বিদ্যুত বিভাগ সর্বাঙ্গিক সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

  
(শর্মিলা রোজারিও)

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি  
কালীগঞ্জ, গাজীপুর।